

【অভিভাবক বৃন্দ】

- ◎ 「সন্তানের উপস্থিতিতে অথবা চোখের সামনে স্বামী স্ত্রীর কলহ অথবা ঝগড়া করা।
「D V (পারিবারিক সহিংসতা) সন্তান প্রত্যক্ষ বা দেখে থাকলে।
→জাপানের আইনে 「সন্তানকে মানসিক নির্যাতন」 বলে প্রতিষ্ঠিত।
- ◎ অভিভাবকদের কলহ অথবা ঝগড়া দেখলে, সন্তানের উপর প্রতিকূল প্রভাব পড়তে পারে
→উদাহরণস্বরূপঃ
- অভিভাবকদের অনুসরণ করে সহিংসতা প্রবণ হয়ে পড়ে।
 - যোগাযোগের মাধ্যম হিসাবে সহিংসতার ব্যবহার শুরু করে, এই পরিস্থিতি দেখে চারপাশের লোকেরা 「আক্রমণাত্মক শিশু」 বলে মনে করে।
 - কখন কলহ অথবা ঝগড়া বাধে সেই দুশ্চিন্তায় প্রতিনিয়ত ভীতস্বল্পস্ত ভাবে দিনাতিপাত করতে থাকে।
 - অভিভাবকদের কলহ অথবা ঝগড়া যখন, খামাতে চাওয়া স্বপ্নেও খামাতে পারে না, তখন নিজেই 「হতাশাগ্রস্ত হয়ে পড়ে। 「নিজের কিছুই হবে না」 বলে আত্মবিশ্বাস হারিয়ে ফেলে।
 - বিভিন্ন ব্যাপারে নিস্পৃহতা, উদাসীনতা, মনোযোগ সহকারে লেখাপড়া করতে না পারায়, ফলাফলের অবনতি হতে থাকে।
 - বিদ্যালয়, কিন্ডারগার্টেন এবং শিশু সেবা কেন্দ্রে যেতে চায় না, 「ঘুমতে পারি না」 「পেট ব্যাথ」 ইত্যাদি নানারকম শারীরিক অসুস্থতার অজুহাত দেখাতে থাকে।
 - সবসময় দুশ্চিন্তায় ভুগতে থাকে বিধায়, সহজেই বিপর্যস্ত হয়ে পড়ে।
- ◎ পুলিশ যদি 「সন্তানের উপস্থিতিতে অথবা চোখের সামনে স্বামী স্ত্রীর কলহ অথবা ঝগড়া 「সন্তানের উপস্থিতিতে অথবা চোখের সামনে D V (পারিবারিক সহিংসতা) 」 র স্বীকৃতি দেয় সেক্ষেত্রে শিশু পরামর্শ কেন্দ্রে যোগাযোগ করা হবে।
- ◎ শিশু পরামর্শ কেন্দ্র হচ্ছে শিশু কল্যাণ আইনের আওতায় প্রতিষ্ঠিত সংস্থা। 「অভিভাবকদের ঝগড়া অথবা কলহ এবং D V ইত্যাদি সন্তান প্রত্যক্ষ করেছে। এই খবর পেলে শিশু কল্যাণ কেন্দ্র, সন্তানের অবস্থা নিরাপদ কিনা নিশ্চিত করার জন্য অভিভাবকদের কাছ থেকে ঘটনার বিবরণ শোনা হবে, প্রয়োজন হলে তদন্ত ও করা হবে।
- ◎ সন্তান যেন সুস্থ ভাবে বৃদ্ধি পায়! সেজন্য তার সম্মুখে কলহ অথবা ঝগড়া (সহিংসতা) যাতে না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে।
স্বামী স্ত্রীর সমস্যা সমাধানের জন্য পরস্পরের মধ্যে আলাপ আলোচনার প্রয়োজন, সম্পর্কের উন্নতি না হয়ে বরং কলহ অথবা ঝগড়া হলে আপাতত পৃথক হওয়ার পর, শান্ত হয়ে একবার আলাপ আলোচনার কৌশল অবলম্বন করা যেতে পারে।
মতামত না মিললে, যদি আলাপ আলোচনা না করলেই নয়, তাহলে যথাসম্ভব সন্তানের অনুপস্থিতিতে অথবা সময় নির্ধারণ করে আলাপ আলোচনা করা যেতে পারে।



埼玉県警察本部

